




বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর
crmfaridpur@krishibank.org.bd



সূত্র নং-মুআকা/ফরিদ/খণ-৪৭(ক)/২০২০-২০২১/৩০৬৫(২৭)

তারিখ: ০৪/০৪/২০২১ খ্রি:

সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
ফরিদপুর মুখ্য অঞ্চল
ফরিদপুর।

বিষয় : ব্যাংকিং চলাকালীন সময়ে COVID-19 এর সংক্রমণ রোধে করনীয়/নির্দেশনা।

প্রিয় সহকর্মীবৃন্দ,

বৈশ্বিক মহামারী COVID-19 সংক্রমণের সম্ভব্য ঝুঁকি থাকা সত্ত্বেও গ্রাহকদের সেবা প্রদান, কৃষি উৎপাদন ও গামীগ অর্থনীতির চাকাকে সচল রাখার স্বার্থে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর উদ্দানে আহবানে আমরা COVID-19 এর বিরুদ্ধে অন্যান্য সেবাদানকারী প্রতিষ্ঠানের সঙ্গে সহযোগ্য হিসেবে কাজ করে যাচ্ছি। এ ব্যাংকিং কার্যক্রমকে অব্যাহত রাখার জন্য আমাদের ও আগত সম্মানিত গ্রাহকদের অর্থ্যাং সকলের সুস্থিতা ও সুরক্ষা অত্যাবশ্যক। এমতাবস্থায়, স্বাস্থ্যবিধিসহ অতিরিক্ত সতর্কতা হিসেবে নিম্নবর্ণিত নির্দেশনা পরিপালন/অনুসরণ করার জন্য পরামর্শ দেওয়া হলো:

- ০১। শাখার প্রবেশ মুখ্য/ক্যাশ কাউন্টারের সমানে/ব্যাংকের দর্শণীয় স্থানে/নোটিশ বোর্ডে করোনা ভাইরাস সংক্রমণ রোধ সংক্রান্ত সরকারি স্বাস্থ্যবিধি/নির্দেশনাসমূহ প্রদর্শনের ব্যবস্থা করা;
- ০২। একজন সিকিউরিটির মাধ্যমে সাবান পানি দ্বারা হত ধোয়াসহ প্লিটিং পাউডার/ডিটারজেন্ট দিয়ে ভেজানো পাটের বস্তায় গ্রাহকদের পা/জুতা মুছে ব্যাংকে প্রবেশ নিশ্চিত করা;
- ০৩। শাখায় একই সময়ে ৪/৫ জনের বেশি গ্রাহক অবস্থান করতে না দেয়া; মাস্কবিহীন এবং সামান্য সর্দি, কাশি বা জ্বর আছে এমন গ্রাহকদের ব্যাংকে প্রবেশ নিরসাহিত করা;
- ০৪। ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণের টেবিলের পারস্পারিক দূরত্ব কমপক্ষে ৩ ফুট (১ মিটার) ফাঁকা নিশ্চিত করা।
- ০৫। ব্যবস্থাপক/ক্যাশ কাউন্টার/অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণের টেবিল হতে ৩ ফুট দুরে সাদা রেখা টেনে এর বাইরে রাখিত চেয়ারে সম্মানিত গ্রাহকগণকে বসানো, একাধিক গ্রাহকের ক্ষেত্রে অগ্র আগমণের ভিত্তিতে সাদা চক দিয়ে ৩ ফুট অন্তর বৃত্ত এঁকে এতে সারিবদ্ধভাবে দাঁড়ানোর ব্যবস্থা এবং গ্রাহক সমাগম বেশ হলে শাখার বাহিরে প্রস্তর শারীরিক দূরত্ব (কমপক্ষে ৩ ফুট) বজায় রেখে সারিবদ্ধভাবে অবস্থান নিশ্চিত করা।
- ০৬। বিভিন্ন ভাতা (বয়স্ক/বিধবা/মুক্তিযোদ্ধা/হতদরিদ্র/প্রতিবন্ধী) প্রদানের ক্ষেত্রে আগে থেকেই কোন তারিখে/সময় কোন এলাকার কোন ধরনের ভাতা প্রদান করা হবে তার সময়সূচি তৈরি করে বাহিরে ঝুলিয়ে দেয়া এবং সংশ্লিষ্ট সুবিধাভোগী, স্থানীয় জনপ্রতিনিধি/প্রশাসনকে অবহিত করা, সংশ্লিষ্ট এলাকার সম্মানিত ইমাম সাহেবদের সহযোগিতায় মসজিদের মাইকে প্রচার করা;
- ০৭। ভাতাভোগীদের নিরাপদ শারীরিক দূরত্ব (কমপক্ষে ৩ ফুট) বজায় রাখার লক্ষ্যে পূর্বনির্ধারিত সূচী মোতাবেক সীমিত সংখ্যক সুবিধাভোগীদের অগ্রে আগমনের ভিত্তিতে সারিবদ্ধভাবে অবস্থান নিশ্চিত করা এবং তাদের ভাতাবহি ও চেকের পাতা দ্রুত লেখালেখি/টিপসহি/স্বাক্ষর সম্পত্তি করা প্রয়োজনে স্থানীয় জনপ্রতিনিধি/প্রশাসন/পুলিশ প্রশাসনের সহযোগিতা নেয়া;
- ০৮। শাখার সম্মানিত গ্রাহকগণের শারীরিক উপস্থিতি কমানোর লক্ষ্যে মোবাইল/ইমেইল/debit card/credit card/online সেবা গ্রহণে উদ্বৃদ্ধকারণসহ প্রয়োজনীয় লেখালেখি/চেক জমার রশিদ/ফরম পূরণের কাজ বাসা/বাড়ি থেকে সেবে আনা এবং কাগজপত্র ভালভাবে দেখেশুনে ব্যাংকে আসার পরামর্শ প্রদান, যাতে একই কাজে একাধিকবার ব্যাংকে না আসতে হয়;
- ০৯। প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী বাসা/বাড়ি থেকে বের হওয়া এবং বাসায় পৌছা অন্তি মাস্ক ব্যবহারসহ প্রতি ২(দুই) ঘন্টা অন্তর হাত ধোয়া;
- ১০। ক্যাশের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী আবশ্যিকভাবে মাস্ক ও হ্যান্ডগ্লাভস, টাকা গণনার সময় এন্টিসেপ্টিক টেটল/মেডলন মিশ্রিত ওয়াটার পঞ্চ ব্যবহার করবেন এবং টাকা গণনা/ধরার পর সাবান পানি দিয়ে হাত ধুয়ে নিবেন। আল্ট্রাস সকলকে নিরাপদে রাখুন।

আপনার বিশ্বাস

১৪/০৪/২০২১
০৪/০৪/২০২১

(মোহাম্মদ আব্দুল ওয়াহাব)
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক (দায়িত্বে)

সদয় জ্ঞাতার্থে অনুলিপি:-

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ডন, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
- ০২। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
- ০৩। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
- ০৪। ব্যক্তিগত নথি/চায়ানথি।